

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৪.১৫-৩৩৭

তারিখঃ-০৬/০৯/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ আত্মকর্মী ঘোষনার ক্ষেত্রে মাসিক গড় আয় পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-৩২৫, তারিখঃ-০১/০৬/২০১৪ খ্রিঃ।
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-৩০৫, তারিখঃ-২৬/০৭/২০১৫ খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত সেই সব যুবদেরকে আত্মকর্মী হিসেবে বিবেচনা করা হবে, যারা অধিদপ্তরের ঋণ গ্রহণ নির্বিশেষে (পারিবারিক/সামাজিক/জিও, এন জি ও/অর্থ লগ্নি প্রতিষ্ঠান হতে পুঁজি গ্রহণ করে) অধিদপ্তরের জনবলের প্রত্যক্ষ ও অব্যাহত যোগাযোগ (মেন্টরশিপ প্রদান-পরিবার ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে) উদ্বুদ্ধকরণ ও পরামর্শের ফলে যুবগণ নিজেদের মেধা, শ্রম, দক্ষতা ও পুঁজি বিনিয়োগ করে উৎপাদনের লক্ষ্যে ঝুঁকি গ্রহণের মাধ্যমে প্রকল্প গ্রহণ করে এবং এ সকল প্রকল্প হতে যাদের মাসিক গড় আয় ন্যূনতম ৪৫০০/- টাকা হবে তাদেরকে আত্মকর্মী হিসেবে তালিকাভুক্তির নির্দেশনা ছিল।

২। দেশের বর্তমান আত্মসামাজিক অবস্থা (জিডিপি আকার, মাথাপিছু আয় বৃদ্ধি, জীবনযাত্রার মান) বিবেচনায় আত্মকর্মী ঘোষণায় মাসিক ন্যূনতম গড় আয় বিদ্যমান ৪৫০০/- টাকা হতে ৬০০০/- টাকা নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কাজেই এখন হতে যেসব প্রশিক্ষণপ্রাপ্ত যুবক/যুব মহিলাদের প্রকল্প হতে মাসিক গড় আয় ন্যূনতম ৬০০০/- টাকা হবে শুধুমাত্র তাদেরকেই আত্মকর্মী হিসেবে ঘোষণা করার বিষয়টি বিবেচনা করা হবে।

৩। এমতাবস্থায় ২০১৭-২০১৮ অর্থ বছরের অক্টোবর '১৭ মাস হতে আত্মকর্মী ঘোষণায় অন্যান্য নিয়ামক অনুচ্ছেদ-১ মোতাবেক অপরিবর্তনীয় রেখে যেসব যুবক/যুব মহিলাদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প মাসিক নীট গড় আয় ন্যূনতম ৬০০০/- টাকা হবে শুধুমাত্র তাদেরকে আত্মকর্মী হিসেবে বিবেচনা করে কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য সূত্রোক্ত ২টি পত্রে আত্মকর্মসংস্থান সৃজনে জেলা/উপজেলা/প্রশিক্ষণ কেন্দ্রের জনবলের জাতব্য ও করণীয় বিষয়ক যোনির্দেশনা দেয়া হয়েছে তা যথাযথভাবে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ মতিউর রহমান তালুকদার)
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা
ফোনঃ ৯৫৫৯৯১৫।

- ০১। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/অধ্যক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর,-----(সকল) জেলা/যুব প্রশিক্ষণকেন্দ্র ও কেঃমাঃসঃউঃকেঃ ----জেলা।
০২। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,----- (সকল) জেলা।
০৩। সিনিয়র প্রশিক্ষক/ সিডিও, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) জেলা।
০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) উপজেলা-----জেলা।
০৫। ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) উপজেলা-----জেলা।
০৬। প্রশিক্ষক/ জুনিয়র প্রশিক্ষক/ সহকারী প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।
০৭। ডেমনস্ট্রেটর, জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৪.১৫-৩৩৭

তারিখঃ-০৬/০৯/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক..... (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।
০২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাতার, ঢাকা।
০৩। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস নথি।

(মোঃ মতিউর রহমান তালুকদার)
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)